

তারিখ: ০৫-০৫-২০২৬ খ্রি.

বরাবর

মহাপরিচালক

কৃষি বিপণন অধিদপ্তর

খামারবাড়ি, ঢাকা।

বিষয়: জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৬ষ্ঠ গ্রেডে (টাকা ৩৫,৫০০-৬৭,০১০/-) 'সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা' পদে যোগদান।

মহোদয়,

যথার্থ সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী, কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং ১২.০০.০০০০.০৫৩.০৮.০০১.১৮-৩৫১ তারিখ ২২/০৮/২০২২ এর অনুমতি সাপেক্ষে ১৫/০৯/২০২২ হতে ১৪/১১/২০২৫ মেয়াদে প্রেষণে এবং ১২.০০.০০০০.০৫৩.২৫.০০২.২৪.১২১ তারিখ ০৬/১১/২০২৫ এর অনুমতি সাপেক্ষে ১৫/১১/২০২৫ হতে ১৪/০৫/২০২৬ মেয়াদে শিক্ষাছুটিতে ইউনিভার্সিটি পুত্রা, মালয়েশিয়াতে পিএইচডি প্রোগ্রামে অধ্যয়ন করি (কপি সংযুক্ত)। কৃষি মন্ত্রণালয়ের বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ডের ১৭ এপ্রিল, ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশক্রমে কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং ১২.০০.০০০০.০৫৩.১২.০০৪.২৩.৩১৮ তারিখ ৩০/০৪/২০২৩ অনুযায়ী আমাকে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৬ষ্ঠ গ্রেডে (টাকা ৩৫,৫০০-৬৭,০১০/-) সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা পদে পদোন্নতির সুপারিশ করা হয় (কপি সংযুক্ত)। কিন্তু তৎকালীন সময়ে আমি পিএইচডি-তে অধ্যয়নরত থাকায় আমার পদোন্নতি আদেশ জারি করা হয়নি। পিএইচডি কোর্স শেষে আমি গত ২০/০৪/২০২৬ তারিখ নিজ কর্মস্থলে যোগদান করি। তদপ্রেক্ষিতে, কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং ১২.০০.০০০০.০৫৩.১২.০০৪.২৩.৫৫ তারিখ ০৫/০৫/২০২৬ অনুযায়ী আমাকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৬ষ্ঠ গ্রেডে (টাকা ৩৫,৫০০-৬৭,০১০/-) সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয় এবং ১৭ এপ্রিল, ২০২৩ খ্রি. তারিখ থেকে আমার জ্যেষ্ঠতা নির্ধারণ করা হয় (কপি সংযুক্ত)। উক্ত পদে আমি অদ্য ০৫/০৫/২০২৬ তারিখ অপরাহ্নে যোগদান করলাম।

এমতাবস্থায়, আমার যোগদানপত্র গ্রহণপূর্বক পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম করতে মহোদয়ের যেন সদয় মর্জি হয়।

আপনার একান্ত অনুরোধ

স্বাক্ষরিত/- ০৫/০৫/২০২৬

(মোহাম্মদ শাহজাহান সবুজ)

সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা

কৃষি বিপণন অধিদপ্তর

প্রধান কার্যালয়, খামারবাড়ি, ঢাকা।


সংযুক্তি: বর্ণনামতে

স্মারক নম্বর-১২.০২.০০০০.০০২.৩১.৩৫৬.১৬.৩৯৬

তারিখ: ৩১ শে বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ মে ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. পরিচালক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা;
৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
৪. উপপরিচালক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা;
৫. উপপরিচালক (সকল), বিভাগীয় কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর;
৬. সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা (সকল), কৃষি বিপণন অধিদপ্তর;
৭. জনাব মোহাম্মদ শাহজাহান সবুজ, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
৮. প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি বিপণন অধিদপ্তর (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯. কৃষি বিপণন কর্মকর্তা/উপজেলা কৃষি বিপণন কর্মকর্তা/সহকারী পরিচালক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর;
১০. সহকারী পরিচালক (প্রশিক্ষণ) (সকল), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, কৃষি বিপণন অধিদপ্তর;
১১. মহাপরিচালকের একান্ত সচিব (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মহাপরিচালকের দপ্তর, কৃষি বিপণন অধিদপ্তর;
১২. হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, কৃষি বিপণন অধিদপ্তর;
১৩. অফিস কপি।



মোঃ মেহেদী হাসান

সহকারী পরিচালক (প্রশাসন)

কৃষি বিপণন অধিদপ্তর